42

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 MAY 1989
পৃষ্ঠা 12 কলাম 1

# বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন অগ্রাধিকার পাচ্ছে : শেখ শহীদ

বাংলাদেশে শিল্পোন্নয়নে প্রযুক্তি পরিকল্পনা সংক্রান্ত পাঁচ দিন ব্যাপী ফোরাম বৃহস্পতিবার ঢাকায় শেষ হয়েছে।

ফোরামের সমাপ্তি অধিবেশনে প্রধান অতিথি ছিলেন শিক্ষা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী শেখ শহীদুল ইসলাম। বক্তৃতা করেন নোবেল পুরস্কার বিজয়ী পদার্থ বিজ্ঞানী প্রফেসর আবদুস সালাম জাতিসংঘ এস্কাপের নির্বাহী সচিব এম এ এম এস কিবরিয়া এবং বিজ্ঞান ও প্রযুক্তি ডিভিশনের সচিব আহমদ ফরিদ।

বাংলাদেশে প্রযুক্তি ভিত্তিক শিল্প উন্নয়নের সমস্যা সুযোগ-সুবিধা এবং সম্ভাব্য নীতিগত কৌশল সম্পর্কে ফোরামের সুপারিশ আজ এক সাংবাদিক সম্মেলনে প্রকাশ করা হবে। শিল্পমন্ত্রী এ সম্মেলনে বক্তৃতা করবেন।

সমাপ্তি অধিবেশনে বক্তৃতাকালে শিক্ষা মন্ত্রী শেখ শহীদ বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার জাতীয় উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগ ও উন্নয়নে উচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

প্রফেসর সালাম তাঁর বক্তৃতায় তৃতীয় বিশ্বের উন্নয়নের উদ্দেশ্যে বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশের ওপর জোর দেন। তিনি বলেন বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে রাজনৈতিক অঙ্গীকার অত্যাবশ্যক।

এসকাপ প্রধান জনাব কিবরিয়া আশ্বাস দেন, শিল্প উন্নয়নে প্রযুক্তি পরিকল্পনার জন্য বাংলাদেশের প্রচেষ্টায় এসকাপ সহযোগিতা অব্যাহত রাখবে।